



আজ আমরা ব্যাকরণ এর একটি নতুন অধ্যায় পর্বো, সেটি হলো 'ক্রিয়ার কাল'।

তোমাদের ব্যাকরণ বই 'ভাষা মুকুল'-এর 'পঞ্চম অধ্যায়' 'ক্রিয়ার কাল', পৃষ্ঠাসংখ্যা-৩৬ প্রথমে আমাদের জানতে হবে ক্রিয়ার কাল বলতে কি বোঝায়।

❖ বাক্যে সমাপিকা ক্রিয়া যে সময়ে সংঘটিত হয়, সেই সময়কে বলে ক্রিয়ার কাল।

একটি উদাহরণের সাহায্যে বুঝলে ব্যাপারটি আমাদের কাছে বোধগম্য হবে।

- আমি স্কুলে যাচ্ছি।
- আমি স্কুলে গিয়েছিলাম।
- আমি স্কুলে যাব।

উপরের তিনটি বাক্যে ক্রিয়ার তিনটি কাল দেখা যাচ্ছে, প্রথম বাক্যে যাচ্ছি, অর্থাৎ কাজটি এখন হচ্ছে, দ্বিতীয় বাক্যে গিয়েছিলাম, অর্থাৎ কাজটি পূর্বেই শেষ হয়ে গেছে, তৃতীয় বাক্যে যাব, অর্থাৎ কাজটি ভবিষ্যতে হবে। ক্রিয়া সম্পন্ন হওয়ার এই যে সময়, একেই বলে ক্রিয়ার কাল।

ক্রিয়ার কাল তিন প্রকার

বর্তমান কাল

অতীত কাল

ভবিষ্যৎ কাল

আজ আমরা কেবলমাত্র বর্তমান কাল সম্পর্কে জানব।

❖ যে কাজটি এখন হচ্ছে বা রোজ হয় তা বোঝানোর জন্য ক্রিয়ার যে রূপ ব্যবহার হয়, সেটি হলো বর্তমান কাল। যেমন- আমি ভাত খাচ্ছি, সূর্য পূর্ব দিকে ওঠে ইত্যাদি।

বর্তমান কালের আবার চারটি ভাগ।

সাধারণ বর্তমান

ঘটমান বর্তমান

পুরাঘটিত বর্তমান

বর্তমান অনুষ্ঠা

- যে ক্রিয়া সাধারণভাবে ঘটে, তাকে বলে সাধারণ বর্তমান। যেমন- খেলি, পড়ি, লিখি, ইত্যাদি।
- যে ক্রিয়া ঘটেছে বোঝায়, তাকে বলে ঘটমান বর্তমান। যেমন- লিখছি, খেলছি, পড়ছি ইত্যাদি।
- যে ক্রিয়া এইমাত্র শেষ হয়েছে, তাকে বলে পুরাঘটিত বর্তমান। যেমন- খেলেছি, লিখেছি, পড়েছি ইত্যাদি।
- যে ক্রিয়া বর্তমানকালে আদেশ, অনুরোধ, প্রার্থনা ইত্যাদি বোঝাতে ব্যবহার হয়, তাকে বলে বর্তমান অনুষ্ঠা যেমন- লেখো, পড়ো, খেলো ইত্যাদি।

আজ আমরা বর্তমান কাল সম্পর্কে জানলাম, পরবর্তী ক্লাসে অতীত এবং ভবিষ্যৎ কাল সম্পর্কে জানবো।

উপরের আলোচনাটি পড়ার পর, তোমাদের বইয়ের ৩৮ সংখ্যক পাতার ১ এবং ২ এর দাগের প্রশ্নগুলির উত্তর ব্যাকরন খাতায় লিখবে।